**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/26/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো নায়াগ্রা কাউন্টিতে স্থিতিশীলতা প্রকল্প নির্মাণ শুরু করার ঘোষণা দেন

***500,000 মার্কিন ডলারের রুজভেল্ট বিচ ব্রিজ ওয়াটারলাইন প্রতিস্থাপন প্রকল্পটি গুরুত্বপূর্ণ অবকাঠামো রক্ষা করবে এবং উইলসন শহরে একটি নির্ভরযোগ্য পানি সরবরাহ নিশ্চিত করবে***

***গভর্নর কুওমোর স্থিতিশীলতা ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের অংশ হিসেবে প্রকল্পটি নির্বাচিত***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে স্থিতিশীলতা ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ এর অধীনে 500,000 মার্কিন ডলারের স্থিতিশীলতা প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়েছে। এই প্রকল্পটি মারাত্মকভাবে ধসে যাওয়া ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ইস্পাত ওয়াটার লাইনের সমাধান প্রদান করবে। উইলসন শহর স্থানীয় পানি সরবরাহ ব্যবস্থার মালিকানা ও পরিচালনা করে, প্রায় 5,800 বাসিন্দাকে সেবা প্রদান করে।

"স্টেট ও স্থানীয় সরকার তাদের কমিউনিটির উন্নতির লক্ষ্যে যখন কাজ করে, তখন আমরা কী অর্জন করতে পারি তার একটি প্রমাণ হল REDI কর্মসূচি," **গভর্নর কুওমো বলেন।** "নায়াগ্রা কাউন্টির এই প্রকল্পটি নিউ ইয়র্কের পুনঃসক্রিয়করণ, ও স্থিতিস্থাপকতার প্রতি অব্যাহত প্রতিশ্রুতির আরো একটি উদাহরণ। শক্তিশালী প্রকৃতি আমাদের আমাদের পথে যা কিছু পাঠায় তা সহ্য করার জন্য আমরা নিউ ইয়র্ককে আরো ভালোভাবে গড়ে তুলছি।"

এই অবকাঠামোর একটি অংশ, একটি 275 ফুট ইস্পাতের পানির লাইন, বারো মাইল ক্রিকের উপর অপসারণ করা হয়েছে, রুজভেল্ট বিচ ব্রিজের সাথে বেঁধে দেওয়া হয়েছে। 8 ইঞ্চির এই পাইপ বিভাগটি প্রায় 60 বছরের পুরনো উপাদানগুলির সংস্পর্শের কারণে, মারাত্মকভাবে বিচ্ছিন্ন হয়েছিল, যার কারণে শহরটির জরুরি মেরামতের প্রয়োজন এবং পানির পরিষেবা ব্যাহত হয়েছিল। এই প্রকল্পের জন্য হ্রাস ব্যবস্থার মধ্যে রয়েছে প্রায় 275 ফুট মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ ইস্পাতের পানির লাইনের প্রতিস্থাপন, স্থানীয় বাসভবন ও ব্যবসার জন্য একটি নির্ভরযোগ্য পানি সরবরাহ নিশ্চিত করা।

**স্টেট পরিবহন বিভাগের (Department of Transportation) কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন**, "গভর্নর কুওমোর REDI কমিশনের একজন সদস্য হিসেবে, আমরা স্থানীয় পৌরসভাগুলোর সাথে সরাসরি কাজ করার সুযোগ পেয়েছি এমন প্রকল্পে যা আমাদের পরিবর্তনশীল জলবায়ুর ক্ষতিকর প্রভাব সহ্য করার ক্ষমতা বৃদ্ধি করে। উইলসন শহরে এই ধরনের প্রকল্প একটি আরো

স্থিতিশীল অবকাঠামো তৈরি করতে সাহায্য করবে যা অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উন্নীত করবে এবং জীবনযাত্রার মান উন্নত করবে, যখন আমরা সবাই একসাথে কাজ করি তখন কি অর্জন করা যায় তা প্রদর্শন করে।"

**স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন,** "এমন প্রকল্পগুলিতে বিনিয়োগের জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করি যা অন্টারিও হ্রদ কমিউনিটিকে ভবিষ্যতে উচ্চ পানির পর্বে আরো স্থিতিশীল করে তুলবে। এই প্রকল্প আগামী কয়েক বছরের জন্য হাজার হাজার মানুষের জন্য পানি সরবরাহের নিরাপত্তা নিশ্চিত করবে।"

**প্রেসিডেন্ট ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গের্টলার বলেন,** "এই গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্প উইলসন শহরে একটি 275 ফুট ইস্পাত পানির লাইন প্রতিস্থাপন করবে, একটি নির্ভরযোগ্য পানি সরবরাহ নিশ্চিত করবে যা ব্যবসায়িক স্থিতিশীলতা ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য প্রয়োজনীয়। মাল্টি এজেন্সি REDI উদ্যোগ অন্টারিও ও সেন্ট লরেন্স নদী উপকূল জুড়ে বন্যায় ক্ষতিগ্রস্ত কমিউনিটি পুনর্গঠনে সাহায্য করবে এবং আমাদের হ্রদ-সম্মুখ কমিউনিটির ভবিষ্যৎ রক্ষায় আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

**সিনেটর রবার্ট ওর্ট বলেন,** "যদি আমরা অযথা বিপজ্জনক ও ব্যয়বহুল বিপর্যয় এড়াতে পারি তাহলে আমাদের স্টেটের অবকাঠামোতে বিনিয়োগ অব্যাহত রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রুজভেল্ট বিচ ব্রিজ ওয়াটারলাইন শনাক্ত ও সক্রিয়ভাবে মেরামত করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট সামনের পাদদেশে কাজ করছে এবং উইলসনের জনপদে নিরাপদ ও নির্ভরযোগ্য পানি সরবরাহের অ্যাক্সেস অব্যাহত রাখবে তা নিশ্চিত করছে। যদি আমরা নিউ ইয়র্কের বাসিন্দাদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা চালিয়ে যেতে চাই তাহলে এই ধরনের অগ্রগামী চিন্তাভাবনা জরুরি।"

**অ্যাসেম্বলিম্যান মাইকেল নরিস বলেন**, "ভবিষ্যতের উচ্চ-জরুরি পরিস্থিতি থেকে আমাদের বাসিন্দা, ব্যবসা প্রতিষ্ঠান ও সম্প্রদায়কে রক্ষার জন্য আমাদের উপকূলীয় এলাকাটিকে পুনর্গঠন করবে এমন গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়নে প্রকল্পগুলি সরবরাহ করতে গভর্নর ও লেক অন্টারিও স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ কমিশনের সাথে কাজ করার জন্য আমি গর্বিত। 500,000 মার্কিন ডলারের রুজভেল্ট বিচ ব্রিজ ওয়াটারলাইন উন্নয়ন আমাদের সম্প্রদায়ের উপর একটি উল্লেখযোগ্য প্রভাব ফেলবে যেহেতু বিদ্যমান 275 ফুট ওয়াটারলাইন অবকাঠামো অবনতি হয়েছে এবং একটি গুরুতর দায়বদ্ধতায় পরিণত হয়েছে। গভর্নর ও তার সহযোগী নির্বাচিত কর্মকর্তাদের সাথে এই প্রকল্পের জন্য তহবিল সরবরাহ করতে পেরে আমি গর্বিত, যাতে উইলসনকে আশ্বস্ত করা যায় যে তারা পরিষ্কার, নিরাপদ ও নির্ভরযোগ্য পানি অব্যাহত রাখবে।"

**নায়াগ্রা কাউন্টির চেয়ারম্যান রেবেকা ওয়াইডিশ বলেন,** "REDI কর্মসূচির মাধ্যমে স্থানীয় সম্প্রদায়ের সাথে নিউ ইয়র্ক স্টেটের অংশীদারিত্ব অন্টারিও হ্রদের তীর বরাবর শহরগুলোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, বন্যার ফলে যেগুলি নেতিবাচকভাবে প্রভাবিত হয়েছে, বিশেষত যখন ক্ষতিগ্রস্থ, পুরাতন অবকাঠামো প্রতিস্থাপনের বিষয়টি আসে। উইলসনের জনপদের পক্ষে সর্বাধিক গুরুত্ব বহনকারী রুজভেল্ট বিচ ব্রিজ ওয়াটারলাইন (Roosevelt Beach Bridge waterline) প্রতিস্থাপনের

চেয়ে ভালো উদাহরণ আর নেই। আমি অত্যন্ত আনন্দিত যে এই প্রকল্প এখন ভিত্তি প্রস্তর স্থাপন করেছে এবং আমার সহকর্মী আইনপ্রণেতা ডেভ গডফ্রে ও উইলসন সুপারভাইজার ডয়েল ফিলিপসের প্রচেষ্টাকে স্বীকার করতে চাই।"

**টাউন সুপারভাইজার ডয়েল ফিলিপস বলেন,** "গত কয়েক বছর ধরে রুজভেল্ট বিচ ব্রিজ ওয়াটারলাইনের চলমান রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয়েছে। গভর্নর কুওমো তার স্থিতিশীলতা ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ (Resiliency and Economic Development Initiative, REDI) এর মাধ্যমে উইলসন শহরকে এই সমস্যা সমাধানে সাহায্য করছেন। এই কর্মসূচির মাধ্যমে ও REDI কমিশন কর্তৃক প্রদানকৃত তহবিলের মাধ্যমে, ওয়াটারলাইন প্রতিস্থাপন করা হবে, আমাদের বাসিন্দাদের জন্য অব্যাহত, নিরাপদ পানি সেবা নিশ্চিত করা হবে, একই সাথে শহরের রক্ষণাবেক্ষণের খরচ ও সময় কমিয়ে আনা হবে। স্টেট যে সাহায্য ও অংশীদারিত্ব দিয়েছে তার জন্য আমরা কৃতজ্ঞ।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যার বর্ধিত নমুনার প্রতিক্রিয়ায় গভর্নর কুওমো উপকূলীয় কমিউনিটির স্থিতিশীলতা বৃদ্ধি এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য REDI গঠন করেন। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা ও অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা ও ওসওয়েগো, জেফারসন ও সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো ও অন্যান্য সম্পদ ও জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল।

REDI কমিশন বাড়ির মালিকদের সহায়তার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার, ব্যবসায়ের রেসিলিয়েন্সির জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার এবং আঞ্চলিক ড্রেজিংয়ের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে যা REDI এর আটটি কাউন্টির প্রত্যেকটির উপকার করবে। অবশিষ্ট 235 মিলিয়ন মার্কিন ডলার, স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পগুলির জন্য বরাদ্দ করা হয়েছে যা REDI মিশনের দৃষ্টান্ত স্থাপন করে এবং এটিকে অগ্রসর করে।

অতিরিক্ত তথ্যের জন্য, প্রকল্প প্রোফাইল ও REDI সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন